



ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়
১, কাওরান বাজার, টিসিবি ভবন, ঢাকা।

সাশ্রয়ী ভাড়ায় টিসিবি
অডিটরিয়াম ব্যবহার করুন
মোবাইল: ০১৭৮৬-২৭১৩০০

নং-২৬.০৫.০০০০.০২২.১১.০০২.১৯.৮০

তারিখঃ ১২-০৫-২০১৯ খ্রিঃ

টিসিবি'র হ্যান্ডলিং ও পরিবহন ঠিকাদার নিয়োগের পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের জন্য টিসিবি আঞ্চলিক কার্যালয়, ঢাকার আওতাধীন দাপা, ফতুল্লা, নারায়ণগঞ্জ গুদামের হ্যান্ডলিং ও পরিবহন ঠিকাদার নিয়োগের নিমিত্ত প্রকৃত ও বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানসমূহ (১ম বা ২য় শ্রেণীর ঠিকাদার/পরিবহন ঠিকাদার/হ্যান্ডলিং ও পরিবহন ঠিকাদার/শ্রমিক ঠিকাদার এর লাইসেন্স হোল্ডার) এর নিকট হতে সীলমোহরকৃত খামে পুনঃদরপত্র আহবান করা যাচ্ছে। ঠিকাদারের ধরণ, দরপত্র গ্রহণ ও খোলার তারিখ ও সময় এবং দরপত্রের সাথে প্রদেয় দরপত্র জামানতের পরিমাণ নিম্নে উল্লেখ করা হলোঃ

ক্রঃ নং	এজেন্ট/ঠিকাদারের ধরণ	দরপত্র গ্রহণের তারিখ ও সর্বশেষ সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)	দরপত্র জামানতের পরিমাণ
০১.	হ্যান্ডলিং ও পরিবহন ঠিকাদার, আঞ্চলিক কার্যালয়, ঢাকা (দাপা, ফতুল্লা, নারায়ণগঞ্জ গুদাম)।	তাং ২৬-০৫-২০১৯ সকাল ১১.০০ টা পর্যন্ত	তাং ২৬-০৫-২০১৯ সকাল ১১.১৫ টা	টাকা ১,৫০০/-	টাকা ৩০,০০০/-

(১) দরপত্র সিডিউল সোনালী ব্যাংক লিঃ, টিসিবি ভবন, ১, কাওরান বাজার শাখা, ঢাকা এবং টিসিবি প্রধান কার্যালয়ের অর্থ ও হিসাব শাখা হতে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত সকল কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্য (অফেরত যোগ্য) পরিশোধ সাপেক্ষে ক্রয় করা যাবে।


(২) দরপত্রসমূহ উপরের ছকে বর্ণিত নির্ধারিত সময় পর্যন্ত টিসিবি প্রধান কার্যালয়, ১, কাওরান বাজার, ঢাকা এর অভ্যর্থনা কক্ষে (তৃতীয় তলায়) রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে।

(৩) দরপত্র সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী পূরণকরতঃ সিডিউলের ছকে দর উদ্ধৃতকরণসহ দরপত্র সিডিউলে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করে দরদাতার নিজস্ব প্যাডে ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে সীলমোহরকৃত খামের উপরিভাগে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের নাম অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করে দরপত্র দাখিল করতে হবে।

(৪) দরপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হতে “ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ” এর অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে দরপত্র জামানত (আর্নেস্ট মানি) সংযুক্ত করতে হবে।

(৫) দরপত্রে কোনরূপ কাটাকাটি/ঘষামাজা করা হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(৬) টিসিবি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার এবং এক বা একাধিক ঠিকাদার নিয়োগের ক্ষমতা সংরক্ষণ করে।


(মোঃ শেখাবুর রহমান)

উপসচিব

প্রধান কর্মকর্তা (সিএমএস ও বিওবি)

ফোনঃ ৮১৮০০৭৪